প্রতি অভিলাষ করে না। ইহাতে শ্রীভগবদ্ভক্তির পরমানন্দরূপতা অতি সুন্দরভাবেই প্রকাশ করা হইয়াছে। ৮।৪।১৪০ ॥

শ্রীভগবদ্বিষয়করতিপ্রদত্বমুক্তম্, এবং নির্জিতষড়্‌বর্গৈঃ ক্রিয়তে ভক্তিরীশ্বরে ইত্যাদিনা। যত্তু অস্ত্বেবমঙ্গ ভজতাং ভগবান্ মুকুন্দো মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগং, ইত্যুক্ত্যাপি তদ্রতির্ন প্রাপ্যতে। ইতি শঙ্ক্যতে, তৎখলু অবিবেকাদেব কর্হিচিদিতি ভক্তিযোগাখ্যতদ্রতিপুরুষার্থতায়াং শৈথিল্যে সত্যেবেত্যর্থলাভাৎ, কর্হিচিদপীত্যনুক্ত ত্বাৎ, অসাকল্যে তু চিচ্চনৌ ইত্যমরকোষাচ্চ। ভক্তবিষয়কভগবৎ-প্রীত্যেকহেতুত্বমপ্যুদাহৃতম্, নালং দ্বিজত্বং, দেবত্বমিত্যাদি। তথাচাহ—মন্যে ধনাভিজন-রূপতপঃশ্রুতৌজস্তেজঃ প্রভাবলপৌরুষবুদ্ধিযোগাঃ। নারাধনায় হি ভবন্তি পরস্য পুংসো ভক্ত্যা তুতোষ ভগবান্ গজযূথপায় ॥ ১৪১ ॥

অভিজনঃ সৎকুলজন্ম। বুদ্ধির্জ্ঞানযোগঃ। যোগোঽষ্টাঙ্গঃ ॥ ৭ ॥ প্রহ্লাদঃ শ্রীনৃসিংহম্ ॥ ১৪১ ॥

শ্রীভগবদ্বিষয়ক ভক্তি যে শ্রীভগবানে রতি প্রদান করিয়া থাকেন, তাহাও ৭।১৩ শ্লোকে শ্রীপ্রহ্লাদ মহাশয় অসুরবালকগণকে বলিয়াছেন—

এবং নির্জ্জিতষড়্‌বর্গৈঃ ক্রিয়তে ভক্তিরীশ্বরে।
বাসুদেবে ভগবতি যয়া সংলভ্যতে রতিঃ ॥

হে ভ্রাতৃগণ! এই প্রকার শ্রীগুরুশুশ্রূষা প্রভৃতি ভক্তি-অঙ্গের অনুষ্ঠান করিতে করিতে কাম-ক্রোধাদি ষড়্‌বর্গ অথবা ইন্দ্রিয়াদির বেগ পরাজয় করিতে সমর্থ হয়। অনন্তর লয়-বিক্ষেপশূন্য হৃদয়ে ভগবানে ভক্তির অনুষ্ঠান দ্বারা ভগবান্ পরমেশ্বর বাসুদেবে রতিলাভ করিতে পারা যায়—ইত্যাদি প্রমাণে সাধন-ভক্তির শ্রীভগবানে রতিপ্রদানসামর্থ্য প্রচুরতরভাবে উল্লেখ আছে। তবে যে ৫ম স্কন্ধের—"অস্ত্বেবমঙ্গভজতাং ভগবান্ মুকুন্দো। মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগম॥" অর্থাৎ ভগবান্ মুকুন্দ নিজচরণে ভক্তি-অনুষ্ঠানকারী ভক্তগণকে মুক্তিদান করেন, কিন্তু কখনও "প্রেমভক্তি" দান করেন না। এইরূপ উক্তির দ্বারাও সাধন-ভক্তির দ্বারা শ্রীভগবানে রতিলাভ করিতে পারা যায় না—এই আশঙ্কা উপস্থিত হয়। সেই সংশয় কিন্তু নিশ্চয়ই অবিচারে হইয়া থাকে। কারণ, বিচার করিলে দেখা যায়—মূলশ্লোকে "কর্হিচিৎ" এই পদটি উল্লেখ করা হইয়াছে; কিন্তু "কর্হিচিদপি" এই পদ উল্লেখ করা হয় নাই—ইহা দেখা যায়। বৈয়াকরণ মাত্রই এ কথাটা জানেন যে—"চিৎ" ও "চন" এই দুই প্রত্যয় অসাকল্য অর্থেই ব্যবহৃত হইয়া থাকে। কারণ অমরকোষ অভিধানে "অসাকল্যে তু চিচ্চনৌ"—এইরূপ উল্লেখ করা আছে। অর্থাৎ অসর্ব্বকাল,